

THE GP PATIENT SURVEY

জানুয়ারি ২০১২

স্থানীয় জিপি এবং দন্ত চিকিৎসার উন্নয়নে আপনার সুযোগ

আমি আপনার কাছে লিখছি স্থানীয় স্বাস্থ্যসেবা ও পরিবেশাসমূহের উন্নয়নে আপনার প্রতিক্রিয়া পাওয়ার জন্য। সংযুক্ত জরিপটি স্থানীয় জিপি সার্জারি ও অন্যান্য স্থানীয় এনএইচএস পরিবেশাসমূহ বিষয়ে আপনাদের অভিজ্ঞতা সম্পর্কে জিজ্ঞেস করে, এবং আপনার সাধারণ স্বাস্থ্য সম্পর্কে প্রশ্নাবলী এর মধ্যে অন্তর্ভুক্ত।

এই জরিপে অংশ নেয়ার জন্য অনুগ্রহ করে সংযুক্ত প্রশ্নপত্রটি পূরণ করুন এবং সাথে দেয়া খামে করে ফেরত পাঠান। আপনার ডাকটিকিটের প্রয়োজন হবে না। প্রশ্নপত্রটি পূরণ করে এবং যত দ্রুত সম্ভব ফেরত পাঠানোর মাধ্যমে আপনি খরচ কমাতে সাহায্য করতে পারেন কারণ কেউ এই প্রাথমিক চিঠিটির জবাব না পাঠালে আমরা মনে করিয়ে দেয়ার জন্য আরেকটি চিঠি পাঠাবো।

এমনকি যদি আপনি পূর্বে একটি প্রশ্নপত্র পূরণ করেও থাকেন, বা সাম্প্রতিককালে আপনার জিপি সার্জারিতে না যান, তারপরও আপনার মতামত আমাদের কাছে গুরুত্বপূর্ণ।

আপনার উত্তরগুলো গোপনীয় রাখা হবে। শুধুমাত্র নামহীন সার্বিক ফলাফল এনএইচএস এর কাছে পাঠানো হবে এবং তারা কোনো স্বতন্ত্র রোগীর মতামত বা তথ্য দেখবে না।

জরিপ বিষয়ক আরো তথ্য অপর পৃষ্ঠায় আছে। আপনার যদি আরো প্রশ্ন থাকে বা প্রশ্নপত্র পূরণে সাহায্যের প্রয়োজন হয়, অনুগ্রহ করে www.gp-patient.co.uk ওয়েবসাইটে যান যেখানে আপনি জরিপটি অনলাইনেও পূরণ করতে পারবেন, বা ফ্রি ফোনে ইপসস মোরিতে কল করুন **0808 238 5382** নাম্বারে (সোমবার থেকে শূক্রবার, সকাল 9টা থেকে রাত 9টা; শনিবার সকাল 10টা থেকে বিকেল 5টা)।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।

আপনার বিশ্বস্ত

Richard Armstrong
Head of Primary Medical Care
Department of Health

কিছু প্রশ্ন ও উত্তর

কেন আমরা এই জরিপটি পরিচালনা করছি?

জিপি সার্জারিগুলোতে রোগীদের অভিজ্ঞতা এবং এনএইচএস এর দস্ত পরিষেবা পাওয়ার সুযোগ উন্নয়নে এনএইচএস কাজ করছে। পরিষেবাগুলো যেভাবে দেয়া হয় তা প্রভাবিত করার জন্য জিপি রোগী জরিপ এটি মূল্যায়ন করবে যাতে করে তারা আপনার প্রয়োজন আরো ভালোভাবে পূরণ করতে পারে।

আমার স্বতন্ত্র ফলাফল কি আপনারা দেখতে পারবেন?

আমরা আপনার স্বতন্ত্র কোনো উত্তর দেখবো না - শুধুমাত্র নামহীন সামগ্রিক ফলাফল এনএইচএস এর কাছে পাঠানো হবে। আপনি যদি স্বতন্ত্র কোনো উত্তর দেয়াটা পছন্দ না করেন অনুগ্রহ করে তা খালি রাখুন কিন্তু বাকি প্রশ্নপত্রটি পূরণ করুন। প্রশ্নপত্রটি সম্পন্ন করা আপনার ইচ্ছাধীন কিন্তু আমরা আশা করি আপনি অংশগ্রহণ করবেন।

কিভাবে আমরা আপনার নাম ও ঠিকানা পেলাম?

ডিপার্টমেন্ট অব হেলথের পক্ষ থেকে ইপসস মোরি আপনাকে এই প্রশ্নপত্রটি পাঠাচ্ছে। জিপিতে নিবন্ধিত এনএইচএস এর রোগীদের তালিকা থেকে দৈবচয়ন ভিত্তিতে আপনার নাম নির্বাচন করা হয়েছে। ইপসস মোরি আপনার যোগাযোগের ঠিকানা গোপন রাখবে এবং শুধুমাত্র আপনাকে প্রশ্নপত্রটি পাঠানোর জন্য তা ব্যবহার করবে। যখন জরিপটি শেষ হবে , ইপসস মোরি আপনার ব্যক্তিগত যোগাযোগের বিবরণ নষ্ট করে ফেলবে। আপনার স্বাস্থ্য বিষয়ক কোনো তথ্য ইপসস মোরিকে দেয়া হয়নি।

আপনার যদি প্রশ্নপত্রটি পূরণ করতে কোনো সমস্যা হয়, অথবা ব্রেইল বা বড় ছাপার অক্ষরে পাওয়ার জন্য অনুরোধ জানাতে চান তাহলে
0808 238 5382 নাম্বারে ফ্রিফোনে কল করুন বা
www.gp-patient.co.uk ওয়েবসাইটে যান।